



২৩ জানুয়ারী, ২০১৬

### প্রেসবিজ্ঞপ্তি

সমতলের আদিবাসদের ভূমি পুনরুদ্ধারে পৃথক ভূমি কমিশন গঠন করা প্রয়োজন

আজ ২৩ জানুয়ারী ২০১৬ তারিখ ঢাকার মুক্তিযুদ্ধ জাদুঘরে “রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯৭ ধারার প্রয়োগ সংক্রান্ত গবেষণার তথ্য যাচাই ও পরামর্শ” শীর্ষক একটি সভা অনুষ্ঠিত হয়।

এই সভায় ব্লাস্ট-এর গবেষক দল পরিচালিত সমতলে বসবাসকারী আদিবাসী জনগোষ্ঠীর ভূমি অধিকার বিষয়ক গবেষণায় প্রাপ্ত মূল পর্যবেক্ষণ ও তথ্যাদি উপস্থাপন করা হয়। এসব পর্যবেক্ষণ সমূহের মধ্যে বিভিন্ন জেলায় স্থানীয় প্রশাসন কর্তৃক অনুসৃত রাষ্ট্রীয় ভূমি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯৭ নং ধারার প্রয়োগ-প্রক্রিয়া তথা তালিকাভুক্ত আদিবাসী কর্তৃক অনুরূপ আদিবাসী নহেন এমন ব্যক্তির নিকট ভূমি হস্তান্তরের সম্মতি লাভের আবেদন গ্রহণ ও নিষ্পত্তির কার্যপদ্ধতি, নথি-ব্যবস্থাপনা এবং আইন বহির্ভূতভাবে হস্তান্তরিত আদিবাসীদের ভূমি নির্বাহী ক্ষমতাবলে পুনরুদ্ধার করে আদিবাসীদের নিকট ফিরিয়ে দেয়ার রাষ্ট্রীয় দায় ও এর বাস্তবায়নের বর্তমান বিষয়ক তথ্যাদি উপস্থাপন করা হয়।

প্রসঙ্গত: উল্লেখ্য যে, এই আইনের ৯৭ ধারা অনুযায়ী সমতলে বসবাসকারী আদিবাসী জনগোষ্ঠীর ভূমি আদিবাসীদের নিকট হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট এলাকার রাজস্ব কর্মকর্তা যেমন: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বা ক্ষেত্রমত, উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মতি বা অনুমতি গ্রহণ করতে হয়। এই আইনী বিধান বহির্ভূতভাবে যদি আদিবাসীদের ভূমি হস্তান্তরিত হয় তাহলে সরকারের নির্বাহী বিভাগ উক্ত ভূমি পুনরুদ্ধার করে মূল মালিক বা তার অনুপস্থিতিতে তার উত্তরাধিকারদের মাঝে কিংবা উত্তরাধিকার পাওয়া না গেলে উক্ত ভূমির মালিকানা সরকারি হেফাজতে নিয়ে অন্যকোন আদিবাসী ব্যক্তির মাঝে বন্টন করে দেয়ার আইনী বাধ্যবাধকতা রয়েছে। প্রশাসনের নজর এড়িয়ে কেউ যাতে আদিবাসীদের ভূমি হস্তগত করতে না পারে মূলত: সে উদ্দেশ্যেই এ বিধান প্রজাস্বত্ব আইনে সন্নিবেশিত হয়েছিল। গবেষণার প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, ৯৭ ধারার উদ্দেশ্য দেশব্যাপী মারাত্মকভাবে ব্যহত হচ্ছে।

সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আদিবাসী নেতা সঞ্জিব দ্রং, গবেষক ও অধ্যাপক ড. স্বপন আদনান, ব্যারিস্টার সারা হোসেন, ব্যারিস্টার জোর্তিময় বড়ুয়া, এডভোকেট আবু ওবায়দ, এডভোকেট খন্দকার শাহরিয়ার শাকির, এডভোকেট গণেশ সরেন ও জন ত্রিপুরা প্রমুখ। আলোচকগণ এই গবেষণার বিভিন্ন দিক ব্যাখ্যা করেন এবং এই গবেষণার মূল পরামর্শগুলো সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের নিকট তুলে ধরার গুরুত্বারোপ করেন।

এএলআরডি-এর নির্বাহী পরিচালক শামসুল হুদা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আইনজীবী, গবেষক ও আদিবাসী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd